গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
চারঘাট, রাজশাহী

স্মারক নং-৫২.০১.৮১২৫.০০০.৫২.০২৭.১৯-১৮২

তারিখঃ ০২ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
১৭ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির গণনা কার্যক্রমে গণনাকারী ও সুপারভাইজার পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র চারঘাট উপজেলায় বসবাসকারী যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল মৌজা এবং মহল্লা হতে আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | সুপারভাইজার | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা প্রাপ্য হবেন। | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। তবে স্নাতক ডিগ্রীধারীদের যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার দেওয়া হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩)০১/০১/২০২১ তারিখে বয়স ২২-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৪) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও সহজে বোধগম্য হতে হবে ।<br>৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | **চারঘাট পৌরসভা:** ৩, ৪ ও ৫ নং ওয়ার্ড<br>**ইউসুফপুর :** সকল মৌজা<br>**শলুয়া :** সকল মৌজা<br>**সরদহ :** সকল মৌজা<br>**চারঘাট :** সকল মৌজা<br>**নিমপাড়া :** সকল মৌজা<br>**ভায়ালক্ষীপুর :** সকল মৌজা |
| ২. | গণনাকারী | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা প্রাপ্য হবেন। | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) ০১/০১/২০২১ তারিখে বয়স ১৮-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৪) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও সহজে বোধগম্য হতে হবে ।<br>৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। | **চারঘাট পৌরসভা:** ০১ হতে ০৫ নং ওয়ার্ড।<br>**ইউসুফপুর:** বেলঘড়িয়া, ফুদকিপাড়া, গোবিন্দপুর, গুয়াবাসনিয়া, ইউসুফপুর, রায়পুর, মিরকামারী, সাহাপুর, শিবনগর।<br>**শলুয়া :** চামটা ও মৌগাছি ব্যতিত সকল মৌজা।<br>**সরদহ :** হুজারপাড়া ও সাদিপুর ব্যতিত সকল মৌজা।<br>**চারঘাট :** অনুপমপুর,বামনীদহ, বড়বড়িয়া, মুংলী, রাওথা, তালবাড়িয়া, মনোহরপুর।<br>**নিমপাড়া :** সকল মৌজা।<br>**ভায়ালক্ষীপুর :** বাকড়া, ভায়ালক্ষীপুর, চাঁদনগর, ডাকরা,জাহাঙ্গীরাবাদ, মিলিক লক্ষীপুর, পান্নাপাড়া, শিমুলিয়া। |

**বি.দ্র: ইতোপূর্বে 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং কাজের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তারা মূল শুমারিতে গণনাকারী ও সুপারভাইজার হিসেবে কাজ করবে।**

**শর্তাবলী:**

১) মূল শুমারি (অক্টোবর/২০২১ মাস) কার্যক্রমে প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন। । একজন সুপারভাইজার ৬-৭ জন গণনাকারীর কাজ তদারকীর দায়িত্বে থাকবেন।

২) **শুমারির তথ্য সংগ্রহ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।**

৩) সুপারভাইজার ও গণনাকারীগণ আবশ্যিকভাবে নিজস্ব স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করতে হবে।

৪) ই-ট্রেনিং এ সফল হলেই কেবল শুমারিতে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে চূড়ান্তভাবে মনোনয়ন প্রদান করা হবে।

৫) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। প্রতি জোনে কমপক্ষে ৫০% মহিলা শুমারিকর্মী নিয়োগ করা হবে।

৬) সংশ্লিষ্ট মৌজায় বসবাসকারী প্রার্থীদের গণনাকারী হিসেবে অগ্রাধিকার দেওয়া হবে।

৭) শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৮) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৯) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এবং নাগরিকত্ব সনদসহ অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট সাইজ ও ০১ কপি ষ্ট্যাম্প সাইজ সত্যায়িত ছবি আবেদনের সাথে জমা দিতে হবে।

**অন্যান্য তথ্যাবলী:**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চারঘাট, রাজশাহী এর ওয়েবসাইট (www.bbs.charghat.rajshahi.gov.bd) থেকে ডাউনলোড/ সংগ্রহ করে আবেদনের নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

২) নির্বাচনী পরীক্ষার স্থান ও তারিখ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চারঘাট, রাজশাহী এর ওয়েবসাইট (www.bbs.charghat.rajshahi.gov.bd) এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। মৌখিক পরীক্ষার সময় নিজস্ব স্মার্টফোন, প্রবেশপত্র এবং সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৩) বদ্ধ খামের উপর পদের নাম, ইউনিয়ন/পৌরসভা ও মৌজা/মহল্লার নাম উল্লেখপূর্বক সকল পদের আবেদন ফরম আগামী **২২/০৮/২০২১ খ্রি:** তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চারঘাট, রাজশাহী এর নির্ধারিত বাক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

৪) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৫) নির্বাচিত/অপেক্ষমান প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চারঘাট, রাজশাহী এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চারঘাট, রাজশাহী এর ওয়েবসাইট (www.bbs.charghat.rajshahi.gov.bd) এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চারঘাট, রাজশাহী এর ওয়েবসাইটে (www.charghat.rajshahi.gov.bd) প্রকাশ করা হবে।

৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার পরিবর্তে অপেক্ষমান তালিকা থেকে নিয়োগ করা হবে।

৭) গণনাকারী ও সুপারভাইজার এর সম্মানি/পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।

৮) **কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন/বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

(সৈয়দা সামিরা)
উপজেলা নির্বাহী অফিসার
চারঘাট, রাজশাহী
ও
সভাপতি
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
চারঘাট, রাজশাহী